



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কর্মী ব্যবস্থাপনা, শৃঙ্খলা ও আপিল বিভাগ

শেখ হাসিনাই রূপকার  
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

স্মারক নং- পসব্য/প্রকা/প্রশা-২২(২)/২০১৯-২০/ ১৪৪৬

তারিখঃ ২৮-১১-২০১৯খ্রি.

### কর্মী সংক্রান্ত ঘোষণা


যেহেতু আপনি জনাব বিশ্বজিৎ বিশ্বাস, অফিসার (সাধারণ), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয় ঢাকা। ইতোপূর্বে পল্লী সঞ্চয় ব্যাংক, চৌগাছা শাখা যশোর -এ ব্যবস্থাপক হিসাবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারি) চাকুরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৮ (ক),(খ),(ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতিমূলক অপরাধ, আত্মসাৎ, জালিয়াতি ও প্রতারনার দায়ে বিভাগীয় মোকদ্দমা নং ০২/২০১৮-২০১৯ রঞ্জু পূর্বক ২১/০৫/২০১৯ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২২(২)/২০১৮-১৯/৫৪৫১ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল, আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধি মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছিলেন; ০৩। যেহেতু আপনাকে ১১/১১/২০১৯ তারিখে ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেওয়া হইয়াছিল। আপনি উক্ত শুনানীতে উপস্থিত হইয়া শুনানী প্রদান করিয়াছিলেন;

০৪। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ব্যক্তিগত শুনানীতে আপনার উপস্থাপিত তথ্যাদি এবং আনুষঙ্গিক তথ্যাদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব বিশ্বজিৎ বিশ্বাস আপনাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব বিশ্বজিৎ বিশ্বাস পল্লী সঞ্চয় ব্যাংক (কর্মকর্তা-কর্মচারি) চাকুরি প্রবিধানমালা, ২০১৬ এর ৩৯ (১) (ক) (আ) প্রবিধি অনুসারে আপনাকে আপনার প্রাপ্য পরবর্তী ১.৭.২০২০ ও ১.৭.২০২১ তারিখের বার্ষিক বেতন বর্ধন ৩০.০৬.২০২২ তারিখ পর্যন্ত স্থগিত রাখিবার আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-


  
(মোঃ ইসমাইল মিয়া)  
সহকারী মহাব্যবস্থাপক  
ফোন: ০২-৫৫১৩৮৫৬২  
agmadmin@pallisanchaybank.gov.bd

স্মারক নং- পসব্য/প্রকা/প্রশা-২২(০২)/২০১৯-২০/ ১৪৪৬

তারিখঃ ২৮-১১-২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

- ০১। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: চৌগাছা, জেলা: যশোর।
- ০৪। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চৌগাছা, যশোর।
- ০৫। জনাব বিশ্বজিৎ বিশ্বাস অফিসার (সাধারণ), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয় ঢাকা।
- ০৬। নথি / মহানথি।



মোঃ ইসমাইল মিয়া  
সহকারী মহাব্যবস্থাপক